হরিণাকুণ্ডুতে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে কর্মশালা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসন দিনব্যাপী এই কর্মশালার আয়োজন করে।

ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এসিল্যান্ড তানভীর হোসেনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এ সময় উপস্থিত ছিলেন পৌর মেয়র ফারুক হোসেন, ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ, ওসি সাইফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা, জাহিদুল ইসরাম বাবু মিয়া, বসির উদ্দিন প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, সরকারি বেসরকারি কর্মকর্তা, শিক্ষক, জনপ্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

মেহেরপুর নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা ২০২২ এর উদ্বোধন করা হয়েছে। শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার

উদ্বোধন ঘোষণা করেন, জেলা শিল্পকলা একাডেমি কার্যালয় পরিষদের সিনিয়র সহ-সভাপতি অধ্যাপক নুরুল আহমেদ।

এ সময় জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান ও শিক্ষক শ্বাসত্ব নিপ্পন বক্তব্য রাখেন। এছাড়াও জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী পরিষদের যুগ্ম সম্পাদক সম্পাদক মহিদুল ইসলাম মহিদ,সদস্য সুলতানা রাজিয়া টনি, নিলুফা বানু, মিনারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। নাটক বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষণ দেবেন আরণ্যক শামীমা শওকত লাভলী।

মুজিবনগরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে কর্মশালা অনুষ্ঠিত

মুজিবনগরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় সকাল সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক শিরিন আক্তার।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, ৬ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মুজিবনগর কম্পানি কমান্ডার আশরাফ আলী, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক ইসলাম, বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সাংবাদিক, উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা, ইউপি সদস্য, গ্রাম পুলিশ এবং মসজিদের ইমামগন কর্মশালায় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুর গণমাধ্যম কর্মীদের নিয়ে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মেহেরপুরের চাঁদবিলে ইমপ্যাক্ট ফাউন্ডেশন নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান এ কর্মশালার আয়োজন করে।
ইমপ্যাক্ট ফাউণ্ডেশন মেহেরপুরের প্রশাসক শফিকুল ইসলামের সভাপতিত্বে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের পরিচালক ডা. হাসিব মাহমুদ।

বক্তব্য দেন ফাউণ্ডেশনের প্রশিক্ষক টিপু সুলতান, সোনিয়া সুলতানা, সাংবাদিক তোজাম্মেল আযম, ইয়াদুল মোমিন, মাহাবুব চান্দু, আবু সাঈদ, আতিক স্বপন, মাহবুবুল হক পোলেন, মিজানুর রহমান জনি, মনিরুল ইসলাম প্রমুখ।

প্রশিক্ষণে প্রতিবন্ধি কিভাবে সৃষ্টি হয়, কিভাবে প্রতিরোধ করা যায় এবং সচেতনতা ও চিকিৎসার মাধ্যমে কিভাবে প্রতিবন্ধিতা রোধ করা যায় তা নিয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে প্রতিবন্ধিতা রোধে ইমপ্যাক্ট ফাউণ্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চিত্র উপস্থাপন করা হয়।

মেহেরপুরে করোনা ভাইরাসের বিস্তার রোধে জনসচেতনতামূলক কর্মশালা

মেহেরপুরে করোনা ভাইরাসের বিস্তার রোধে জনসচেতনতা সৃষ্টি এবং ‘নো মাস্ক নো সার্ভিস, মাস্ক পরুন, সেবা নিন’ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়ে। কর্মশালায় সভাপত্বি করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তুষার কুমার পাল।

সভায় বক্তব্য দেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, অবসরপ্রাপ্ত শিক্ষক অধ্যপক হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম, জেলা তথ্য অফিসার মামুন হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা ইয়াহিয়া খান, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দ প্রমুখ। কর্মশালায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা অংশ নেন।

করোনা ভাইরাস বিস্তার রোধে জনসচেতনতা সৃষ্টি এবং নো মাস্ক নো সার্ভিস, মাস্ক পরুন সেবা নিন বিষয়ের উপর কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ তাদের মতামত ব্যক্ত করেন। বক্তারা বলেন, টিকা নিশ্চিত না হওয়া পর্যন্ত মাস্ক ব্যবহার এবং স্বাস্থ্য বিধি নিশ্চিত করতেই হবে। সেক্ষেত্রে তথ্যবিভাগের প্রচার প্রচারনাসহ নাগরীক সমাজ ও বিভিন্ন সামাজিক সংগঠন গুলোর অংশগ্রহন নিশ্চিত করতে হবে। একই সাথে আইন প্রয়োগকারী সংস্থাকে আরো কার্যকর প্রদক্ষেপ গ্রহন করতে হবে। করোনার তৃতীয় ঢেউ মোকাবেলার জন্য এখন থেকেই প্রস্তুতি গ্রহন করতে হবে।

ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জমি গ্রহীতাদের দুর্ভোগ লাঘব করে তাদের কাঙ্খিত সেবা নিশ্চিত করার জন্য ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ উজ- জামান, এটুআই প্রোগ্রামের ন্যাশনাল কনসালট্যান্ট তাসলিমানুর হোসেন, এটুআই প্রোগ্রামের ইয়ং প্রফেসনাল মাসরুর মোহাম্মদ শান্ত, আব্দুল আওয়াল। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা প্রশাসনের আরডিসি আবু সালেহ মোহাম্মদ হাসনাত।

আলোচনা সভা শেষে ভূমি ব্যবস্থাপনাকে স্বচ্ছতার সঙ্গে জনগণের সামনে উপস্থাপন করে সহজভাবে সেবা দান করার লক্ষ্যে জেলার ৬টি উপজেলার নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার ভূমি, ইউনিয়ন ভূমি সহকারী ও ভূমি অফিসের কর্মকর্তাদের ই-নামজারী বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি